# ঐতিহ্যের তথ্য

## [] সেকশন-১: ঐতিহ্য সনাক্তকরণ +

### [] ঐতিহ্যের অবস্থান

**[] বিভাগ**

রাজশাহী

**[] জেলা**

বগুড়া

**[] উপজেলা**

**[] বিস্তারিত ঠিকানা**

**[] ভূ-অবস্থান(অক্ষাংশ)**

**[] ভূ-অবস্থান(দ্রাঘিমাংশ)**

**[] সম্প্রদায়ের শ্রেণী**

শিল্পী

**[] সম্প্রদায়**

গ্রামীণ

**[] ঐতিহ্যের নাম, (যা সংশ্লিষ্ট সম্প্রদায় বা গোষ্ঠী ব্যবহার করে)**

Wedding songs (বগুড়ার বিয়ের গীত) of Bogra

**[] ঐতিহ্যের সংক্ষিপ্ত তথ্য, (সংশ্লিষ্ট ঐতিহ্য এলাকার উল্লেখসহ সর্বোচ্চ তথ্যপূর্ণ)**

Wedding songs, though primarily performed during a social rite of passage of Domain 3, also fall under first two ICH domains of (1) oral expressions and (2) performing arts. বিয়ের গীত ICH domain প্রথম তিনট, (১) মৌখিক এতিহ্য,(২) পরিবেশনা শিল্প, (৩) সামাজিক প্রথা উৎসব অন্তর্ভুক্ত।

**[] সংশ্লিষ্ট সম্প্রদায়(গুলি)/গোষ্ঠী(গুলি), (যারা উপাদানটিকে তাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ হিসাবে স্বীকৃতি দেয়)**

**[] ঐতিহ্য অনুশীলনের স্থান/অনুশীলনের (বণ্টনের) হার**

বাংলাদেশের বিভিন্ন জেলায় গ্রামের বিয়ের বাড়িতে বিয়ের গীতের প্রচলন রয়েছ। বিভিন্ন জেলার আঞ্চলিকতায় বিয়েরগীত পরিবেশন হয়।বাংলাদেশের উত্তরাঅঞ্চলে বিয়েরগীত বেশি প্রচলিত আছে।

**[] ঐতিহ্যের সংক্ষিপ্ত বিবরণ, (৩৫০শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়)**

Wedding songs are an integral part of Bengali folk culture. Geet has been a common part of the marriage household for a long time. The technique of performing the song is very festive. The women of the village sing the song in groups, and dance they give a running commentary. The wedding song is seen as a presentation of both words and body postures. The women who sing are called 'aiyo'. In the course of time these songs have been lost in many parts. The intention to express small joys and sorrows in simple language and in melody is really aesthetic artistry. The wonderful combination of melody and words shakes the soul. "Don't drink, don't fly in the air, alas, don't drink the milk of the dead, who else ... "! Truly a beautiful expression of language. Again, "Daman bangla lekon lekere ke, lekon khani lekte re, damannero gao

ghamia gelore ke"! What a wonderful expression of Bengal has taken place in these songs. In the middle of the song there is a mention of the identity of the bride and groom, the village and all the forests. "Akash mare akasher tara pube mare jhaki lo bali kyomte nime nimu janam benner betiklo bali". The simple unadorned image of a poor house girl has emerged in this song. In the past when there was no instrumentation, there was no circulation of songs, then the mothers and sisters of the village used to sing the stories of happiness and sorrow in their own words with their own melody. The present generation does not know the tradition of rural wedding songs. Now let's just say that the song is not in vogue at home. The songs of the roots that touch all these melodies are lost. Maybe that festival will never come back. Maybe one day this traditional lyrical festival wedding song will be inserted in the basket of imaginary pictures or stories. বিয়ের গীত বাংলার লোকসংস্কৃতির এক অবিচ্ছেদ অংশ। গীত বহুকাল আগে থেকে বিয়ে বাড়ির প্রচলিত একটি অঙ্গ।এর বেশি প্রচলন গ্রামের বিয়ের বাড়িতে। গীত পরিবেশনার কৌশলো বেশ উৎসব ময়।গ্রামের মহিলারা দলবদ্ধভাবে গলায় গলা মিলিয়ে গীত গায়,আবার নাচন ভংগিতে তারা ধারা বর্ণন দেয়।গীত কে তাই বলা চলে বাণি ও দেহ ভংগিমার এক বিস্তর উপস্থাপন।বিশেষ সুর বা কথা দিয়ে বিনির্মান করা হয় বিয়েরগীত গুলো। যেসব মহিলারা গীতর করে তাদেরকে আইও বলা হয়।কালের গভিরে এই গীত গুলো অনেক অংশে হারিয়ে গেছে। ছোট ছোট সুখ, দুঃখ কথা গুলো সরলসাদা ভাষায় এবং সুরে সুরে তুলে ধরার সেই অভিপ্রায়, তা সত্যিই নান্দনিক শৈল্পিকতা।সুর ও কথার যে অপুর্ব সমন্বয় তা মানব জীবনএর গভীরতর দিক কে নাড়িয়ে দেয়।" পানও আসে আরংগে হায়রে,গুয়া আসে ডাবরে ভরিয়ে আর কে।"ঐ না প

**ঐতিহ্যের ডোমেইন (প্রযোজ্য ক্ষেত্র সমূহ)**

- [x] মৌখিক ঐতিহ্য এবং অভিব্যক্তি
- [x] পরিবেশনা শিল্প
- [x] সামাজিক অনুশীলন, অনুষ্ঠান এবং উৎসব
- [ ] প্রকৃতি এবং মহাবিশ্ব সম্পর্কিত জ্ঞান এবং অনুশীলন
- [ ] ঐতিহ্যবাহী কারুশিল্প
- [ ] খাদ্য

## সেকশন-২: ঐতিহ্যের বৈশিষ্ট্য +

**প্রত্যক্ষভাবে ঐতিহ্যের প্রতিনিধিত্ব বা চর্চার সাথে সংশ্লিষ্ট পেশাজীবী/শিল্পী (ভূমিকা, নাম, বয়স, লিঙ্গ, সামাজিক অবস্থান, এবং/অথবা পেশাদার শ্রেণি/বিভাগ ইত্যাদি সহ)**

বগুড়া জেলার শিবগঞ্জ থানার জামুরহাট ইউনিয়ন এর বড়াল গ্রামের মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মহিলারা এবং হিজরা সম্প্রদায়ের শরণাপণ্য হয়েছি।তাদের মধ্যে " আলেমুন,বয়স ২৮, আচমা,বয়স ৩৫,দিলারা বয়স ৩৮, জমেলা বয়স ৩০," এবং সবুরুন বেওয়া,বয়স- ৬০. তারা সবাই গ্রামের পল্লীবধু,তারা সবাই সংসারের প্রয়োজনে মাঠে কাজ কর। তাদের সাথে কথা বলে যানা যায় যে ছোট বেলা থেকেই গ্রামের পরিবেশে তাদের বেড়ে ওঠা। বাঙালির গ্রামের বিয়েরবাড়িতে বিয়েরগীতের যে রেওয়াজ তা ছোটবেলা থেকেই বিয়েরগীত দেখে দেখ, শুনেশুনে শিখা।এবং মনের অজান্তেই বিয়েরবাড়িতে বিয়েরগীততে অংশগ্রহণ করেন।এবং হিজরা সম্পাদায়ের মধ্যে সুমি হিজরা বলেন বিয়ের গীত পরিবেশন তারা মনের আনন্দে অংশ গ্রহণ করে। গীত শিখতে তাদের কোথাও প্রশিক্ষণ নিতে হয় নি। শুনে শুনে নিজেদের ইচ্ছামতো বর ও কনের নাম নিয়ে নেচে গেয়ে গীত শুরু করেন।

**কমিউনিটির অন্যান্য লোকজন যারা পরোক্ষভাবে ঐতিহ্য চর্চায় কোন না কোনভাবে ভূমিকা রাখে অথবা এর চর্চা বা সম্প্রচারে সাহায্য করে থাকে (যেমন, মঞ্চ তৈরি, পরিচ্ছদ, প্রশিক্ষণ, তত্ত্বাবধান ইত্যাদি)**

গ্রামের বিয়ের বাড়িতে সাধারণত এ বাড়ির ও বাড়ির মানুষ জন, আত্নীয়সুজন সবাই মিলে অংশগ্রহণ করে সামাজিক উৎসবে বিয়ে বাড়ি আনন্দ মুখর করে তুলেন।বিয়ের বাড়িতে গেট সাজান, আল্পনা করা,দেয়ালে গীত লেখা, বাড়ি সাজানো সব কিছু নারী পুরুষ সবাই মিলেমিশে কাজ করে থাকে,নারীরা কাজ করার সময় মনের আনন্দে গীত পরিবেশন করেন। আত্নীয়সজন,ও পাড়াপ্রতিবেশি মিলে সকলের অংশগ্রহণে গীত ICH উপাদান চর্চায় ভুমিকা রাখতেপার।

**ভাষা(গুলি), কথ্য স্তর(গুলি)**

বিয়েরগীততে আঞ্চলিকতার বহিঃপ্রকাশ ঘটে। এককে অঞ্চলের বিয়েরগীত এককে অঞ্চলের ভাষা ব্যাবহার হয়।যেমন -বগুড়া অঞ্চলের বিয়েরগীত "ক্যামনে দিমুগো দয়ার পুস্পক বিয়ে কলিজেরে যোর করে কুন্টি গেলা গো পুস্পর দয়ার মাও পুস্পক বিদায় দেওরে।

**ঐতিহ্যের চর্চা ও সম্প্রচারের সাথে সংসৃষ্ট মূর্ত/বাস্তব উপাদান (যেমন, বাদ্যযন্ত্র, বিশেষ পোশাক/স্থান, আচার-অনুষ্ঠানের বস্তুগত উপাদান ইত্যাদি, যদি থাকে)**

বিয়েরগীতে কোন বাদ্য যন্ত্র ব্যাবহার হয়না।গ্রামের মহিলারা দলবদ্ধ ভাবে হাতে তালি দিয়ে বিয়েরগীত বাড়ির ওঠানে পরিবেশন করেন।বিয়ের গীতে নিদিষ্ট কোন পোশাক থাকে না। গ্রামের মহিলারা যে যার মতো তাদের শাড়ী পড়ে বিয়েবাড়িতে বিয়েরগীত পরিবেশন করেন।এবং হিজরারাও শাড়ী পড়ে বিয়ের বাড়িতে নেচে গেয়ে গীত পরিবেশন করে

**নারী বা অন্যান্য লৈঙ্গিক জনগোষ্ঠীর এই ঐতিহ্য চর্চার সাথে কি ধরনের সম্পর্ক রয়েছে?**

বিয়েরগীত পরিবেশনার সময় গ্রামের মহিলাদের পাশাপাশি হিজরা সম্পোদায় ও নেচে গেয়ে গীত পরিবেশন করেন।

**ঐতিহ্য চর্চার শ্রম বিভাজন কীভাবে হয়?**

ICH উপাদান চর্চা বিয়েরগীতে শ্রম বিভাজন কমই পরিলক্ষিত হয়। বিয়েরগীতে শুধুমাত্র গ্রামেরমহিলারা এবং অনেক সময় মহিলাদের পাশাপাশি হিজরা সম্পদায়ের মানুষজন রান্নাবান্না ও কাজের মধ্যে আনন্দ উপভোগ করে বিয়ের গীত পরিবেশন করেন। এবং শ্রমের বিনিময়ে যে অর্থ পান তা দিয়ে জীবিকা নির্বাহ করেন।

▯ ঐতিহ্যের যেকোন বিষয়ে অন্য যেসব প্রথাসিদ্ধ অভ্যাস বা চর্চা সংযুক্ত হতে পারে বা প্রবেশাধিকার পতে পারে, তেমন উপাদান (যদি থাকে)

বিয়েরগীত পরিবেশনার সময় মহিলারা দলবদ্ধ হয়ে তারা আপন খেয়াল খুশি মতো দেহের বিশেষ ভংগিমার প্রকাশ করেন।একজন মহিলা শুরু করলে অনান্য মহিলারা সেটা দেখে তাদের মতো করে থাকেন। তাদের সে পরিবেশনা উৎসবে পরিণত হয়।

▯ কমিউনিটির অন্যান্যের নিকট সম্প্রচারের পদ্ধতি

প্রজন্ম থেকে প্রজন্ম গ্রামীণ পরিবেশে বেড়ে ওঠে বিয়ের বাড়িতে বিয়েরগীত দেখে দেখে শুনেশুনে এ চর্চা অব্যহত রয়েছে। বিয়েরগীতের জন্য কোন প্রশিক্ষণের প্রয়োজন হয়না। এটা গ্রামীণ পরিবেশে মহিলারা নিজের অজান্তেই অংশগ্রহণ করে থাকে।

▯ সম্পর্কিত সংস্থা (বেসরকারী সংস্থা এবং অন্যান্য)

গ্রামীণ মহিলারা দলবদ্ধ ভাবে গ্রামীণ কমিউনিটির ভুমিকা পালন করে। এর বাইরে তার অন্য কোন কিছুর সাথে সম্পক্ত নয়। কিন্তু হিজরা সম্পদায়ের মানুষ জন নিজেদের প্রয়োজনে তাদের মৌলিক চাহিদা অধিকার পুরুন এর জন্য অনেক প্রতিষ্ঠান এর দারস্থ হয়। সুমি হিজরা বলেন কেও আমাদেরকে কিছু দিলে আমারা ভালোবেসে সেটি গ্রহণ করি। এবং অন্যান্ন প্রতিষ্ঠানের সহযোগিতা পেয়ে থাকেন।

## ▯ সেকশন-৩: ঐতিহ্যের অবস্থা (কার্যযোগ্যতা) +

▯ এই ঐতিহ্য চর্চা কি কোন হুমকির সম্মুখীন?

▯ আইনী হুমকির বিবরণ

বিয়ের গীতে পরিবেশনের ক্ষেতে কোন ধরনের বাধাগ্রস্ত হওয়ার সম্মুখীনহতে হয় না।

▯ হস্তান্তরণ হুমকি (যদি থাকে)

বিয়েরগীততে কোন বাধাগ্রস্ত হওয়ার সম্মুখীনহতে হয় না। বিয়েরগীত সামাজিকভাবে উৎসবে পরিণত হয়।

▯ এই ঐতিহ্য চর্চার জন্য প্রয়োজনীয় মূর্ত/বাস্তব উপকরণ কি কোন হুমকির সম্মু্খীন?

বিয়েরগীতে ধমীয় কোন বিধি নিষেধ পরিলক্ষিত হয় না,কারণ বিয়েরগীত পরিবেশন করার জন্য চর্চার প্রয়োজন পড়ে না।তবে যুগের সাথে তাল মিলিয়ে বিয়ের গীত অনেক অংশে বাধাগস্ত হচ্ছ।

▯ এই ঐতিহ্য চর্চার জন্য প্রয়োজনীয় অন্য বিমূর্ত উপকরণ কি কোন হুমকির সম্মু্খীন?

ICH.উপাদানের সাথে বাংগালী সংস্কৃতি ঐতিহ্য বিয়েরগীত বিশ্ব ঐতিহ্যেরে সাথে নিবিড় ভাবে সম্পক রয়েছ, অন্যান্য উপাদানগুলোর মধ্যে কথা, সুর, বাণী,দেহ ভংগিমার অভিব্যাক্তী রয়েছ। প্রযুক্তিগত কারণে বতমানে বিয়েরগীত অনেক অংশে বাধা গস্ত হচ্ছে।

▯ এই ঐতিহ্য চর্চার সংরক্ষণের জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কি? (যদি থাকে)

বিয়েরগীত শুধু মাত্র গ্রামের মহিলার বিয়ের বাড়িতে পরিবেশন করে, অন্য কোথাও এটি ও ভাবে পরিবেশন হয় না।তবে নাচের কোন অনুষ্ঠানে মাঝেমধ্যে বিয়ের গীতের সাথে নাচ করতে দেখা যায়।

## ▯ সেকশন-৪: তথ্য সংগ্রহ/নথিপত্র, সম্মতিপত্র এবং ইনভেন্টরি এন্ট্রির প্রস্তুতি +

▯ তথ্য সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সম্প্রদায়/গোষ্ঠী/ব্যক্তিদের সম্মতি

বগুড়া জেলার শিবগঞ্জ থানার জামুরহাট ইউনিয়ন এর বড়াল গ্রামের মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মহিলাদের মৌখিক ভাবে সম্মতি গ্রহণ করা হয়। তারা সবাই সানন্দে তথ্য প্রদানে সম্মত হন। তারা বলেন আমরা ছোট বেলা থেকেই গ্রামের পরিবেশে বেড়ে ওঠে বাঙালির গ্রামের বিয়েরবাড়িতে বিয়েরগীতের যে রেওয়াজ দেখেছি সে গুলো বলবার চেষ্টা করেছি।তাদের কাছ থেকে তথ্য নিয়ে তা আবার তাদেরকে পরে শুনান হয়। তাদের তথ্য কি ভাবে উপস্থাপিত হয়েছে তা শুনে তারা খুবই খুশি হন। এবং তথ্য উপস্থাপানার জন্য সম্মতি প্রদান করেন।

▯ সংগৃহীত তথ্য ব্যবহারের উপর নিষেধাজ্ঞা, (যদি থাকে)

কোনো সমস্যা নেই।তথ্য যাতে বৃকিতী না হয় সেটা বলেছেন।

## ▯ সেকশন-৫: রিসোর্স পার্সন +

▯ ডেটা প্রদানকারী/রিসোর্স পারসন (ব্যক্তি/গোষ্ঠী, সম্প্রদায়ের প্রতিনিধি)

বগুড়া জেলার শিবগঞ্জ থানার জামুরহাট ইউনিয়ন এর বড়াল গ্রামের মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মহিলাদের মধ্যে( ১) আলেমুন,বয়স ২৮, (২)আচমা,বয়স ৩৫,(৩)দিলারা বয়স ৩৮, (৪)জমেলা বয়স ৩০," এবং (৫)সবুরুন বেওয়া,বয়স- ৬০.।এবং হিজরা সম্পদায়ের মধ্যে সুমি হিজরা,বয়স-২৫, ও ববিতা হিজরা, বয়স -৩০.।

**▯ তথ্য সংগ্রহের তারিখ**

১০-০৭-২০২০

**▯ তথ্য সংগ্রহের স্থান(গুলি)**

১০ জুলাই -২০২০, বগুড়া জেলার শিবগঞ্জ থানার জামুরহাট ইউনিয়ন এর বড়াল গ্রামের মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মহিলাদের কাছে এবং হিজরা সম্পদায়ের গিয়ে তথ্য সংগ্রহ করা হয়।

## ▯ সেকশন-৬: সুরক্ষা কৌশল +

**▯ ঐতিহ্যটির সুরক্ষার জন্য সম্প্রদায়ের দ্বারা গৃহীত বিদ্যমান সুরক্ষা কৌশল**

গ্রামের মহিলাদের সাথে কথা বলে যেটি জানা গিয়েছে তারাও চায় এটি সংরক্ষণ করা হোক। তারা মনে করছেন কালের বিবর্তন এ বিয়ের গীত হারিয়ে যেতে বসেছে, একটা সময় ছিলো বিয়ের বাড়িতে বিয়ের গীত না হলে সেটাকে বিয়ের বাড়ি বলা হতোনা। তারা বলেন বিয়ে বাড়িতে আমরা নিজেরাই উপস্থিত থেকে সবাই মিলে গলায় গলা মিলে নেচে গেয়ে আনন্দ উপভোগ করতাম,কিন্তু এখন কার বিয়ের বাড়িতে আর বিয়ের গীত হয়না বল্লেই চলে, কারণ প্রাচ্যাতর সাথে তাল মিলিয়ে এখনকার বিয়েবাড়িতে বাংলার আদি যে সংস্কৃতি তা আর খুঁজে পাওয়া যায় না,। তারা মনে করেন বিয়েরগীত যদি সংরক্ষিত হয় তাহলে গ্রামীণ বাংলার যে আদি সংস্কৃতি এতিহ্য হারিয়ে যেতে বসেছে তা আবার ফিরে আসবে।

**▯ সম্প্রদায় থেকে ঐতিহ্যটি সুরক্ষার জন্য পরামর্শ**

বিয়েরগীত বাংলার লোকসংস্কৃতির এক অবিচ্ছেদ অংশ। গীত বহুকাল আগে থেকে বিয়ে বাড়ির প্রচলিত একটি অন্তরা। গীত পরিবেশনার কৌশলো বেশ উৎসব ময়। গ্রামের মা বোনেরা নিজেদের মতো করে নিজেদের কস্ট এ সুখ দুঃখের গল্পগুলোকে নিজেদের মতো সুর দিয়ে গাইতো।আজ যেন হারিয়ে গেছে আমাদের বিয়ের সেই গ্রামীণ ঐতিহ্য। বতমানে প্রজন্ম জানেই না গ্রামীণ বিয়ের গীতের ঐতিহ্য। এখন সেই গীতের প্রচলন বিয়ে বাড়িতে নেই বললেই চল। হারিয়েযেতে বসেছে এই সব সুর ছোয়া শিকড়ের গীত গুলো। হয়তো সেই উৎসব আর কখনো ফিরিয়ে আসবেনা।হয়তো একদিন কল্পনায় আঁকা ছবি বা গল্পের ঝুড়িতে ঢুকিয়ে যাবে এ ঐতিহ্য গাথা. বিয়েরগীত সংরক্ষণ করা আগামী প্রজন্ম দের জন্য খুব জরুরি। কালের বিবর্তন এ বিয়েরগীত হারিয়ে যেতে বসেছে,তাই এখনোই যদি এটাকে সংরক্ষণ না করা যায় তাহলে আগামী প্রজন্ম জানবেই না যে বিয়ের গীত আমাদের লোকজ সংস্কৃতির ঐতিহ্য । আমাদের লোকজ সংস্কৃতির পুনঃউদ্ধারের জন্য বিয়েরগীত সংরক্ষিত করা অতিব জরুরী।

## ▯ সেকশন-৭: সাহিত্য, ডিসকোগ্রাফি, অডিওভিজ্যুয়াল উপকরণ বা আর্কাইভের রেফারেন্স +

**▯ সাহিত্যে উল্লেখ/তথ্যসূত্র**

প্রযোজ্য নয়।

**▯ অডিওভিজুয়াল সামগ্রী বা সংরক্ষণাগারসমূহ**

প্রযোজ্য নয়।

**▯ ডিস্কোগ্রাফি বা সংরক্ষণাগারসমূহ**

প্রযোজ্য নয়।

## ▯ সেকশন-৮: ইনভেন্টরির তথ্য আপডেট করার পদ্ধতি +

**▯ তথ্য সংকলক (ব্যক্তি/গোষ্ঠী, সম্প্রদায়ের প্রতিনিধি সহ, যারা ঐতিহ্যের তথ্য সংকলন করেছেন)**

মাহাবুব হাসান সোহাগ, নৃত্যশিল্পী ও সাধারণ সম্পাদক,আমরা ক জন শিল্পী গোষ্ঠী,বগুড়।

**▯ ইনভেন্টরিতে তথ্য নথিভুক্ত করার জন্য সম্প্রদায়ের সম্মতির তারিখ**

**▯ তথ্য সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সম্প্রদায়/গোষ্ঠী/ব্যক্তিদের সম্মতি**

বগুড়া জেলার শিবগঞ্জ থানার জামুরহাট ইউনিয়ন এর বড়াল গ্রামের মুসলিম ও হিন্দু সম্প্রদায়ের মহিলাদের এবং হিজরা সম্পদায়ের মৌখিক ভাবে সম্মতি গ্রহণ করা হয়।

**ঐতিহ্যের বর্তমান অবস্থা**

এখনও রক্ষিত

**ঐতিহ্যের বর্তমান অবস্থার সংক্ষিপ্ত বিবরণ, (যদি থাকে)**

Still maintaining

## সেকশন-৯: সম্প্রদায়ের পরামর্শ +

**কমিউনিটি সদস্যদের/বিশেষজ্ঞদের/ধারকরা কর্তৃক উপাদানটির সুরক্ষার জন্য পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ, (যদি থাকে)**

গ্রামের মহিলাদের মধ্যে আচমা বলেন বিয়ের গীত সংরক্ষণ করা খুবই প্রয়োজন । তিনি মনে করেন কালের বিবর্তন এ বিয়ের গীত হারিয়ে যেতে বসেছে, একটা সময় ছিলো বিয়ের বাড়িতে বিয়ের গীত না হলে সেটাকে আর বিয়ের বাড়ি বলা হতোনা।তিনি বলেন বিয়ে বাড়িতে আমরা দেখেছি মা চাচি রা উপস্থিত থেকে সবাই মিলে গলায় গলা মিলে নেচে গেয়ে আনন্দ উপভোগ করতেন এবং কনে ও বর কে নিয়ে নানা ধরনের সুখ দুঃখের কথা নিয়ে গীত বাধতেন,আমরাও সেগুলো দেখে দেখেই শিখেছি ও তাদের সাথে গেয়েছ, কিন্তু এখন কার বিয়ের বাড়িতে আর বিয়ের গীত হয়না বল্লেই চলে, এখন কার বিয়েবাড়িতে প্রাচ্যাতর সাথে তাল মিলিয়ে মাইকে গান বাজানো হয়। হিজরা সম্পদায়ের মধ্যে সুমি হিজরা বলেন এখনকার বিয়েবাড়িতে বাংলার আদি যে সংস্কৃতি তা আর খুঁজে পাওয়া যায় না। তিনি মনে করেন বিয়েরগীত যদি সংরক্ষিত হয় তাহলে গ্রামীণ বাংলার যে সংস্কৃতি এতিহ্য হারিয়ে যেতে বসেছে তা আবার পুনউদ্ধার হবে।

**সংগৃহীত তথ্য ব্যবহারের উপর বিধিনিষেধের সংক্ষিপ্ত বিবরণ, (যদি থাকে)**

তথ্য নিতে গিয়ে সবার সহযোগিতা পেয়েছি কোন রকম বাধাপ্রাপ্ত আসেনি।

## সেকশন-১০: নথি/ডকুমেন্ট আপলোড করুন +

### ঐতিহ্যের বিস্তারিত নথি

PDF